# 2015

# ECONOMICS — HONOURS

## Third Paper

## ( Group – B )

## Full Marks – 50

*Candidates are required to give their answers in their own words as far as practicable*

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক*

### বিভাগ - ক

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও ৪×৫

১। নিম্নলিখিত সমীকরণগুলি একটি অর্থনীতির ক্ষেত্রে প্রযোজ্য। $I = 100$, $G = 75$, $T = 0.5Y$, $C = 25 + 0.5Y_D$। যদি I 40 একক কমে যায়, নতুন ভারসাম্য আয়স্তরটি নির্ধারণ কর। ৪

২। ধরা যাক, অভ্যন্তরীণ অর্থ-বাজার থেকে সরকারি ঋণ হঠাৎ বৃদ্ধি পেল। ঋণ-সংগৃহীত অর্থ সম্পূর্ণভাবে হস্তান্তর ব্যায়ের জন্য খরচ করা হল। IS রেখা ও সুদ-হারের ওপর এই রাজস্ব-সংক্রান্ত হস্তক্ষেপের প্রভাব ব্যাখ্যা কর। ৪

৩। ধরা যাক, $C = 10 + 0.9Y$ এবং $I_0 = 60$। যখন $Y = 900$, তখন পরিকল্পনা বহির্ভূত অবিক্রীত দ্রব্যসঞ্চয়ের (inventory accumulation) পরিমাণ কত হবে? ৪

৪। অর্থের জন্য ফাটকা-জনিত চাহিদা যদি অনুপস্থিত থাকে, সেক্ষেত্রে IS ও LM রেখার আকৃতি কেমন হবে ? দেশে ব্যাপক বেকারত্ব থাকলে, কোন্ নীতির প্রযোজ্যতা বেশী হবে ? ২+২

৫। ধরা যাক, প্রথম বছরের জন্য স্থায়ী আয় $(Y_P)$ হল $Y_P = \alpha_1 Y_1 + \alpha_2 Y_2 + \alpha_3 Y_3$ এবং $\sum_i \alpha_i = 1$। যদি $\alpha_1$-এর মান বৃদ্ধি পায়, গুণকের মান কিভাবে পরিবর্তিত হবে ? ৪

৬। একটি সরল কেইনসীয় মডেলে যদি $I = I_0 + aY$ হয়, তবে সরকারি ব্যয়-গুণকের মান কি হবে ? (ধরে নাও করের হার আনুপাতিক)। এক্ষেত্রে রাজস্ব নীতির কার্যকারিতা বিষয়ে সংক্ষেপে মন্তব্য কর। ৪

৭। Solow -র উদ্বৃত্ত (Solow residual) কি ? পরিবর্তনের স্থিতিস্থাপকতা স্থির এইরকম একটি উৎপাদন-অপেক্ষক ধরে এই উদ্বৃত্তটি চিহ্নিত কর। ২+২

৮। ধরা যাক, কোনো দেশ শতকরা 12 হারে তার মুদ্রার অবমূল্যায়ন ঘটাল। কিন্তু একই সঙ্গে অভ্যন্তরীণ মূল্যস্তর শতকরা 10 হারে বেড়ে গেলে 'প্রকৃত' অবমূল্যায়নের হার কি হবে ? ৪

### বিভাগ - খ

যে-কোনো ***পাঁচটি*** প্রশ্নের উত্তর দাও ৬×৫

৯। নিম্নলিখিত সমীকরণগুলি একটি অর্থনীতিকে সূচিত করে।

$$C = 100 + 0.8\, Y_D$$

$$\overline{G} = 100, \qquad \overline{T} = 100$$

G এবং T উভয়েই যদি 60 করে বৃদ্ধি পায়, তবে গুণকের মান নির্ধারণ কর যখন (ক) $I = 100$ এবং (খ) $I = 30 + 0.3Y$, ফলাফলের পার্থক্যটি ব্যাখ্যা কর। ২+২+২

[Turn Over]

১০। ধরা যাক, সরকার আয়ের ওপর কর হ্রাস -এর নীতি গ্রহণ করল। IS-LM মডেল ব্যবহার করে এই কর-হ্রাসের প্রভাব ব্যাখ্যা কর যখন

(ক) সরকার সামঞ্জস্য বিধানকারী আর্থিক নীতির দ্বারা সুদ-হার অপরিবর্তিত রাখে।

(খ) অর্থনীতিতে মোট অর্থের পরিমাণ অপরিবর্তিত থাকে। ৩+৩

১১। ধরা যাক, কোনো ব্যক্তির জীবনকাল দুটি বৎসরে বিভক্ত। এই দুই বৎসরের মধ্যে মোট ভোগব্যয় কাম্যভাবে কিভাবে বিভাজিত হবে — আলোচনা কর। যদি সুদের হার বৃদ্ধি পায়, তাহলে নীট ঋণ-গ্রহণকারী ভোক্তার অবস্থান কিভাবে পরিবর্তিত হবে ? ৩+৩

১২। (ক) বাসস্থানজনিত বিনিয়োগ কিভাবে সুদের হারের সঙ্গে সম্পর্কিত — তা ব্যাখ্যা কর।

(খ) কোনো ফার্মের ব্যবসায়িক বিনিয়োগের সিদ্ধান্ত কিভাবে সেই ফার্মের লাভের সম্ভাবনার সঙ্গে সম্পর্কিত হয় ? ৩+৩

১৩। অর্থের লেনদেনজনিত চাহিদা এবং সুদের হারের সঙ্গে সঠিক সম্পর্কটি কি ? এই সম্পর্কটির মাধ্যমে লেনদেনজনিত চাহিদাটি কীভাবে কাম্য অবস্থা প্রাপ্ত হয় বল। ৪+২

১৪। যদি একটি ক্ষেত্রের ফার্ম অন্যান্য ক্ষেত্রের মূল্যস্তর সম্পর্কে অসম্পূর্ণ তথ্য প্রাপ্ত হয়, সেক্ষেত্রে AS রেখা কিভাবে নির্ধারিত হয় ? যদি সময়ের সঙ্গে সঙ্গে এই অসম্পূর্ণতা দূরীভূত হয় – তবে AS রেখায় কি পরিবর্তন হবে তা দেখাও। ৪+২

১৫। স্বল্পকালীন ফিলিপ্স্ রেখার মধ্যে দিয়ে সমষ্টিগত অর্থনীতিতে নীতিজনিত সঙ্কট কিভাবে প্রতিফলিত হয় ? দীর্ঘকালেও কি এই সঙ্কট দৃশ্যমান হয় ? ৩+৩

১৬। সোলো মডেলে ঋজুস্তরে সম্প্রসারণের পথে মূলধন গঠনের হার এবং সোনালী নিয়মের স্তরে মূলধন গঠনের হার -এর মধ্যে পার্থক্য নিরূপণ কর। সোনালী হারে কি ঋজুস্তরের (steady state) মূলধন গঠনের শর্তাবলী প্রযোজ্য ? ৪+২

*The figures in the margin indicate full marks*

## Section – A

Answer *any five* questions 4×5

1. The following equations describe an economy : I = 100, G = 75, T = 0.5Y, $C = 25 + 0.5Y_D$.

Find the new level of equilibrium income when I declines by 40. 4

2. Suppose the government borrowing from domestic financial market suddenly increases. The borrowed ammount is entirely spent on transfer payments. Explain the impact of this fiscal intervention on the IS curve and the rate of interest. 4

3. If C = 10 + 0.9Y, and $I_O = 60$, what is the level of unplanned inventory accumulation at Y = 900. 4

4. If there is no speculative demand for money, how do IS and LM curves look like ? In case of widespread unemployment, which policy will be effective ? 2+2

5. Suppose, permanent income $(Y_P)$ at period 1 is measured as $Y_P = \alpha_1 Y_1 + \alpha_2 Y_2 + \alpha_3 Y_3$ and $\sum_i \alpha_i = 1$, what happens to the value of multiplier if $\alpha_1$ increases ? 4

6. If $I = I_O + aY$, derive the value of the government expenditure multiplier (in the presence of proportional taxes) in a Keynesian cross model. Comment briefly on the effectiveness of fiscal policy. 4

7. What is Solow residual ? Identify it using a production function with constant elasticity of substitution. 2+2

8. Suppose that a country devalues it's currency by 12%, but at the same time domestic prices rise by 10%. What is the magnitude of real devaluation ? 4

## Section – B

Answer ***any five*** questions 6×5

9. Consider the following economy where

$$C = 100 + 0.8\, Y_D$$

$$\overline{G} = 100, \qquad \overline{T} = 100$$

If both G and T rise by 60, find out the value of multiplier (a) when $I = 100$ and when (b) $I = 30 + 0.3Y$.

How do you explain the difference in your answers. 2+2+2

10. Suppose that the government cuts income taxes. Show in the IS-LM model the impact of the tax-cut under two assumptions,

(a) the government keeps the interest rate constant through an accommodating monetary policy;

(b) the money stock remains unchanged. 3+3

11. If an individual's life-span is divided in two periods, namely period 1 and period 2, how will he decide the optimum levels of consumption in these two periods? What happens if there is a rise in the rate of interest ? (use the case of a net borrower). 3+3

12. (a) How is the residential investment related to the rate of interest ?

(b) How is business investment decision related to the profit prospects of the firm ? 3+3

13. What is the exact relationship between the transaction demand for money and the rate of interest ? How do you know that the relationship optimises the transaction demand for money ? 4+2

14. How will the AS curve be derived if firms in one sector have imperfect information on other sector's prices ? Show the change in the AS curve if this imperfection is corrected over time. 4+2

15. How is the macroeconomic policy-conflict reflected through the short-run Phillips curve ? Is this conflict visible in the long-run ? 3+3

16. How do you distinguish between steady state rate of capital accumulation and the golden rate of capital accumulation? Is steady state condition fulfilled in the 'golden rate' ? 4+2